

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৯, ২০২১

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাড়ী নং ৪০/এ, রোড নং ২০  
মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬

নং-১৪৬/এফআরসি/এসএস/প্রজ্ঞাপন/২০২০/৭১

তারিখ: ৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
২১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

#### প্রজ্ঞাপন

১. পেশাদার একাউন্টেন্ট বা নিরীক্ষকগণ জনস্বার্থ সংস্থা সমূহের আর্থিক প্রতিবেদন নিরীক্ষান্তে “ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ডস অন অডিটিং (আইএসএ) ৭০০ (সংশোধিত), ফর্মিং এন ওপেনিয়ন এন্ড রিপোর্টিং অন ফাইন্যান্সিয়াল স্টেটমেন্টস” অনুযায়ী নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত করিয়া থাকেন যাহা ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৬৯ অনুযায়ী বাংলাদেশে প্রচলিত বহিঃনিরীক্ষা মানদণ্ড। আইএসএ ৭০০ (সংশোধিত) এর অনুচ্ছেদ ৪৭, এ৬৪, এ৬৫ অনুযায়ী নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষরের তিনটি বিকল্প রহিয়াছে, যেমন-নিজ নামে, ফার্মের নামে বা উভয় পদ্ধতিতে। তবে স্থানীয় নিয়ন্ত্রক কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত এর যে কোনো একটি পদ্ধতি অনুসরণ করিয়া নিরীক্ষকগণ নিরীক্ষা প্রতিবেদনে স্বাক্ষর করিতে পারিবেন।
২. এফআরসি কর্তৃক নিরীক্ষা প্রতিবেদন পুনরীক্ষণে পরিলক্ষিত হইয়াছে যে বর্তমানে ভিন্ন ভিন্ন নিরীক্ষা ফার্ম নিরীক্ষা প্রতিবেদন ভিন্ন ভিন্ন পদ্ধতিতে স্বাক্ষর করিতেছেন। এইক্ষেত্রে অভিন্ন নিরীক্ষা চর্চা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও নিরীক্ষা কার্যে যত্নশীলতা নিশ্চিতকরণ এবং নিরীক্ষা প্রতিবেদন ব্যবহারকারীগণের কার্যে বিভ্রান্তি এড়াইবার জন্যে নিরীক্ষা প্রতিবেদনে নিরীক্ষকের

(৮০৫)

মূল্য : টাকা ৪-০০

নিজ নামে স্বাক্ষর করা প্রয়োজন বলিয়া কাউন্সিল মনে করে। এই লক্ষ্যে সকল জনস্বার্থ সংস্থার নিরীক্ষককে নিম্নে উল্লিখিত তথ্য সহ আবশ্যিকভাবে নিরীক্ষকের নিজ নামে নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর করিবার প্রস্তাব এফআরসি'র কাউন্সিল সভায় গৃহীত হইয়াছে।

ক) ফার্মের নাম

খ) ফার্মের রেজিস্ট্রেশন নং

গ) নিরীক্ষকের স্বাক্ষর .....

ঘ) নিরীক্ষকের নাম (....., Partner/Enrolment No.....)

৩. কাউন্সিলে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সকল জনস্বার্থ সংস্থার নিরীক্ষকগণ উপরে উল্লিখিত তথ্যসহ নিজ নামে নিরীক্ষা প্রতিবেদন স্বাক্ষর করিবেন।

উল্লিখিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হইবে।

ড. মোঃ হামিদ উল্লাহ্ ভূঞা  
চেয়ারম্যান  
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল।